দৈনিক সংবাদ

তারিখ ... 26 AUG 1991
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

03

# এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে দেড় হাজার ছাত্র বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডের অধীনে চলতি বছরের এইচ এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল রোববার অন্তত দেড় সহস্রাধিক পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

গতকাল তিনটি বোর্ডেই ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা ছিল। গতরাতে প্রাপ্ত শেষ খবর অনুযায়ী প্রায় ১ হাজার ৫শ' ৬৬ জনকে নকল করার দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে। ইউএনবি সাভার কলেজে পুলিশ-জনতার সংঘর্ষের খবর দিলেও ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এ ধরনের কোন ঘটনা শোনেননি বলে জানিয়েছেন।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর পরীক্ষা নিয়ন্ত্রক সংবাদকে জানান, সর্বশেষ প্রাপ্ত সংবাদ অনুযায়ী ঢাকা মহানগরীসহ ১২টি জেলার পরীক্ষা কেন্দ্রগুলো থেকে মোট ৪শ' ২৩ জন পরীক্ষার্থীকে গতকাল নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে। সাভার কলেজের ঘটনা সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, এ রকম কোন ঘটনা ঘটেনি, শুনিনি কিংবা কোন সংবাদও আমাদের কাছে আসেনি। এ পর্যন্ত কোথাও অপ্রীতিকর

এইচএসসি : পৃঃ ৮ কঃ ৩

## প্রধানমন্ত্রীর সঙ্গে বিদায়ী নেপালী রাষ্ট্রদূতের সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ডঃ মোহন প্রসাদ লোহানী গতকাল রোববার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তার সচিবালয়ের অফিসে বিদায়ী সাক্ষাতে মিলিত হন।

বাসস জানায়, তারা দ্বিপক্ষীয় ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলাপ-আলোচনা করেন। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করে বলেন, দু'দেশের জনগণের স্বার্থে বাংলাদেশ ও নেপালের মধ্যে যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে তা ভবিষ্যতে আরও জোরদার হবে।

## এইচএসসি : দেড় হাজার বহিষ্কৃত

(১ম পাতার পর)

ঘটনার সংবাদ পাওয়া যায়নি।

বিভিন্ন এলাকা থেকে আমাদের বার্তা পরিবেশক জানানঃ মানিকগঞ্জের ৫ টি কেন্দ্রে ১৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। গাজীপুরে ২য় দিনে ৭৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। নরসিংদী জেলার ৭টি কেন্দ্র থেকে ৭৯ জনকে বহিষ্কার করা হয়েছে। গফরগাঁও সরকারী কলেজ কেন্দ্র থেকে গতকাল ১৫৮ জন বহিষ্কৃত হয়েছে। টঙ্গী সরকারী কলেজ কেন্দ্র থেকে গতকাল ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বগুড়ায় ১২টি কেন্দ্র থেকে গতকাল রোববার ২শ' ৭৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নীলফামারীতে ৮টি কেন্দ্রে ৭১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঠাকুরগাঁও জেলার ৪টি কেন্দ্রে ১শ' ৪ জন বহিষ্কৃত হয়েছে। কুষ্টিয়ার ৮টি কেন্দ্রে বহিষ্কারের সংখ্যা ১শ' ৩ জন। মাদারীপুরে ৪৬ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। যশোর জেলার ৩৫টি কেন্দ্র থেকে গতকাল ১৫২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বরিশালে গতকাল ৫৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।